দৈনিক ইনকিলাব

তারিখ 09 DE 1998
পৃষ্ঠা ১২ কলাম ২

35

## ছাত্র লীগের দু'গ্রুপের বিরোধ

# বুয়েটে হাতাহাতি উত্তপ্ত বাকবিতন্ডা ও ধরপাকড়ে ছাত্রদের মধ্যে উত্তেজনা

বুয়েট রিপোর্টার ঃ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে 'ছাত্র লীগের দু'গ্রুপের মধ্যে বিরোধ চরম আকার ধারণ করেছে। গত সোমবার গভীর রাতে গ্রুপ দু'টোর মধ্যে কোন্দল থেকে হাতাহাতির সৃষ্টি হয়।

গভীর রাতে উত্তপ্ত বাকবিতন্ডা, চিৎকার ও ধরপাকড়ে সাধারণ ছাত্রদের মাঝে তীব্র উত্তেজনার সৃষ্টি হয়।

দীর্ঘদিন ধরে ছাত্র লীগ বুয়েট শাখার সভাপতি শহীদুল্লাহ হক খান এবং সাধারণ সম্পাদক দীপক রায় দীপনের মধ্যে মনোমালিন্য চলে আসছিল। গত শনিবার শহীদুল্লাহ-দীপনের কমিটি ভেঙ্গে মাসুম ইকবালকে আহবায়ক এবং দীপক কর দীপন ও মাইনুল ইসলামকে যুগ্ম আহবায়ক করে নয়া কমিটি গঠন করা হয়। কমিটি থেকে প্রাক্তন সভাপতি শহীদুল্লাহ হক খানকে বাদ দেয়ায় দলের মাঝে তীব্র কোন্দলের সূত্রপাত হয়। অবশেষে গত সোমবার গভীর রাতে এই কোন্দল প্রকাশ্য সংঘাতের রূপ নেয়। পুরান কমিটির সভাপতি শহীদুল্লাহ গ্রুপ এবং নয়া কমিটির সাধারণ সম্পাদক দীপন গ্রুপের মাঝে উত্তপ্ত তর্কাতর্কি থেকে হাতাহাতি ও ধরপাকড়ের সূচনা হয়।